

বিপ্লব

শেখ জহির রায়হান

বিবেক'র কাঠগড়ায় আমি একজন ফাঁসির আসামী
আপনারা আমাকে ফাঁসি দিন, না হয়-
আধুনিক ষ্টাইলে ক্রস ফায়ার করুন, যদি তা না হয়-
পরিত্যক্ত প্রিয়তমা 'মৃত্তিকা' যার প্রতি এখনো আমি দুর্বল
তাকে খুঁজে বের করুন, একমাত্র তাকে দিয়েই সম্ভব
আমাকে বিষ পাণ করিয়ে দেহের প্রতি রক্ত কণিকাকে নিঃশব্দ করতে।
যদি তাও সম্ভব না হয়, তাহলে সব অসম্ভবকে সম্ভব করব এবার
ধ্বংসাত্মক পারমাণবিকের চেয়েও ভয়ঙ্কর হয়ে উঠব
ভূমিকম্পের ন্যায় পৃথিবী কাঁপিয়ে হৃদপিণ্ডের গতি বন্ধ করে দেব সবার।
গণ-বিপ্লব'র স্বতন্ত্র কর্মসূচি নিয়ে রাজপথে নামব
জনতার উদ্দেশ্যে উপচে পরবে কণ্ঠস্বর-
যদি আর কোন শিশু কণ্যা ধর্ষিত হয়
যদি আর কোন ক্রস ফায়ার চলে
যদি আর কোথাও বোমাবাজি চলে
সন্তান হারানোর শোকে যদি আর কোন মায়ের অশ্রু ঝরে।
যদি আর কোন কৃষকের উপরে কোন রকম হস্তক্ষেপ হয়
যদি বিচার'র নামে আর কোন রকম প্রহসন হয়, মনে রাখবেন-
আমি আপনাদের কাউকে ছাড়ব না।
কারণ; যারা অন্যায় করছে তাদেরকে আপনারাই পশ্চয় দেন
তাদের বিচার করার আগে আপনাদের বিচার করা উচিত, নাকে ক্ষত দেয়া উচিত।
এখনো সময় আছে রুখে দাঁড়ান, ন্যায়ের পক্ষে বলুন, অন্যায় প্রতিরোধ করুন
দয়া করে চাটুকারিতা করবেন না।
মুষ্টিবদ্ধ করুন হাত, দৃঢ় প্রত্যয়ে আকাশের দিকে ছুঁড়ে মারুন
অগ্নিঝরা গণ বিপ্লব'র কথা জানিয়ে দিন সারা পৃথিবীকে।
“অন্যায়ের বিরুদ্ধে লড়তে হবে, লড়তে হবে
অন্যায়কে পশ্চয় দেব না, দেব না”
এ-গণ বিপ্লব'র ডাকে যদি আপনি সাড়া না দেন
তার চেয়ে ভাল ঘরে চুরি পরে বসে থাকুন
সুঁই, সুতো দিয়ে সেলাই করুন আপনার অসহায় নৈতিকতাকে।